তারিখ ... 21 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ



*চাটখিল (নোয়াখালী) : এক কৃতী ছাত্রের হাতে পুরস্কার তুলে দেন শিক্ষা কর্মকর্তা এবিএম নুরুজ্জামান* -সংবাদ

## চাটখিলে কৃতীদের বৃত্তি প্রদান

**প্রতিনিধি, চাটখিল (নোয়াখালী)**

গত রোববার দুপুরে নোয়াখালীর চাটখিল উপজেলায় দৌলতপুর ফাউন্ডেশন কর্তৃক কৃতী ছাত্রছাত্রীদের মাঝে বৃত্তি প্রদান করা হয়। এ উপলক্ষে দৌলতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দৌলতপুর ফাউন্ডেশনের সভাপতি গোলাম কিবরিয়া ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার এবিএম নুরুজ্জমান। বিশেষ অতিথি ছিলেন সহকারী শিক্ষা অফিসার এম, মনিরুল হক, দশঘরিয়া প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি প্রভাষক জসিম মাহমুদ, দৌলতপুর প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি আবুল হাছান কুসুম, মেম্বার আনিসুর রহমান, প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, মাওঃ নাফিজ। ফাউন্ডেশন কর্মকর্তা কামরুজ্জামান সাহেদ ও রেজাউল করিম সোহেল জানান, প্রায় শতাধিক ছাত্রছাত্রীর মাঝে বৃত্তি সম্মাননা প্রদান করা হয়। বক্তারা সবাই শিক্ষার গুনগত মান বৃদ্ধির কল্পে দৌলতপুর ফাউন্ডেশনকে সমাজে আরও অবদান রাখার আহ্বান জানান।

ওই সমস্ত ঘটনার সঙ্গে কোনো মাদ্রাসার ছাত্র-শিক্ষক জড়িত ছিল না। জড়িত ছিল আমাদের দেশের আধুনিক শিক্ষায় শিক্ষিত যুবক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ ব্যবসায়ী ও রাজনৈতিক ব্যক্তিদের সন্তানরাও। এসব ঘটনার উল্লেখ করে প্রতিটি বাবা-মা'কে তাদের সন্তানদের নিয়মিত খোঁজ-খবর নেয়া, তাদের সঙ্গে সময় দেয়া, খেলাধূলায় উৎসাহিত করা এবং তাদেরকে ভালো মন্দ বিষয়ে পরামর্শ দেয়ার অভিমত ব্যক্ত করা হয়।